



**Joel I. Klein**  
Chancellor

**Kathleen Grimm**  
Deputy Chancellor

সেপ্টেম্বর, ২০০৯

প্রিয় পিতামাতা ও অভিভাবকবৃন্দ,

সন্তানকে পুষ্টিকর ও সুস্বাদু খাবার প্রদান করে একটি ফেডারেল কর্মসূচি অনুযায়ী বছরে কীভাবে সন্তানপ্রতি ২৫০ ডলার সাশ্রয় করতে পারেন, তেমন একটি বিষয়ে আপনাদের অবগত করতে চাই। এ কর্মসূচির নাম ন্যাশন্যাল স্কুল লাঞ্চ প্রোগ্রাম (এনএসএলপি) এবং যেসব পরিবার আয়ের নির্দিষ্ট কিছু শর্ত পূরণ করবে, এটি তাদের জন্য বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে স্কুল লাঞ্চ প্রদান করে। অভিভক্তনরা একমত, যেসব শিক্ষার্থী পুষ্টিকর খাবার খায়, তারা লেখাপড়ার জন্য ভালভাবে প্রস্তুত থাকে।

আয়সংক্রান্ত ফেডারেল শর্তসমূহ পূরণকারী পরিবারের ছেলেমেয়েরা বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে স্কুল লাঞ্চ পাওয়ার যোগ্য। আপনার সন্তানের যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ায়র জন্য পিতামাতাদের একজনকে স্কুল মিল্‌স্ অ্যাপ্লিকেশন (স্কুল-খাদ্যের আবেদনপত্র) পূরণ করে জমা দিতে হবে। এসব আবেদনপত্র স্কুল বছরের শুরুতে স্কুলে দেয়া হয় এবং জমা দেয়ার পর পর্যালোচনা করে দেখা হয়। আপনাদের জন্য [www.nyc.gov/accessnyc](http://www.nyc.gov/accessnyc) ওয়েবসাইটে আপনাদের পরিবারের স্কুল বয়েসী সকল ছেলেমেয়েদের জন্য আবেদনপত্র পূরণ করার সুবিধা রয়েছে।

যে শিক্ষার্থীদের পরিবার আবেদনপত্র জমা দেবে না, তারা আমাদের স্কুলে প্রতিবার লাঞ্চ খাওয়ার জন্য ১.৫০ ডলার করে পরিশোধ করবে বলে প্রত্যাশিত। আবেদনপত্র জমা দেয়ার পূর্ব পর্যন্ত শিক্ষার্থীরা বিগত শিক্ষা বছরে যে মূল্যে লাঞ্চ পেত, সে মূল্যেই লাঞ্চ পেতে থাকবে। গত বছর লাঞ্চের পূর্ণ মূল্য দিতে হয়েছে, এমন শ্রেণিভুক্ত শিক্ষার্থীরা এবছরও স্কুল খোলার পর থেকে ১.৫০ ডলার দিয়ে স্কুল লাঞ্চ কিনতে হবে, জাতীয় অর্থনীতির এই মন্দার সময়ে পরিবারসমূহের টানা পোড়েনের কথা বিবেচনা করা হবে না। একারণে পরিবারসমূহকে অবিলম্বে স্কুল খাদ্যের আবেদনপত্র জমা দেয়ার অনুরোধ জানাচ্ছি যাতে ছেলেমেয়েদের পরিবারের বর্তমান আর্থিক অবস্থার সাথে মিল রেখে তাদের কাছে থেকে খাবার মূল্য আদায় করা হয়। আরও জেনে রাখবেন, ২০০৯/২০১০ স্কুল বছরের আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ১৬ অক্টোবর, ২০০৯। এই তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে ব্যর্থ সব শিক্ষার্থীকে ২০০৮/২০০৯ শিক্ষা বছরে তাদের আর্থিক অবস্থা কেমন ছিল, সেটা বিবেচনা ব্যতিরেকে তাদেরকে পূর্ণ মূল্য পরিশোধ করে লাঞ্চ কিনতে হবে।

স্কুল মিল্‌স্ অ্যাপ্লিকেশন পূরণ করতে আপনার কোন সমস্যা হলে কিংবা আপনার নতুন একটি ফরম-এর প্রয়োজন হলে, অনুগ্রহ করে স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা স্কুলফুড অফিসের হেল্প ডেস্ক-এ (718) 707-4400 নম্বরে ফোন করুন। অনেক স্কুলের প্রিন্সিপ্যাল এনএসএলপি সংক্রান্ত বিষয়ে সহায়তা দিতে বিশেষজ্ঞ হওয়ার জন্য একজন স্কুলকর্মীকে নিযুক্তি দেন।

বিশ্বস্ততার সাথে,

Kathleen Grimm

52 Chambers Street • Room 320 • New York, NY 10007  
Telephone: 212-374-0209 Fax: 212-374-5588

T&I-11988 (Bengali)